

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৪২

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৫৩. সেনাবাহিনীর এক অংশের মাল প্রাপ্তি প্রসংগে।

باب فِي السَّرِيَّةِ تَرُدُّ عَلَى أَهْلِ الْعَسْكَرِ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيّ، عَنِ ابْنِ إِسْحَاقَ، \_ هُوَ مُحَمَّدٌ \_ بِبَعْضِ هَذَا ح وَحَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، حَدَّثَنِي هُشَيْمٌ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، جَمِيعًا عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، عَنْ أَبِيهِ، عَنْ جَدّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْمُسْلِمُونَ تَتَكَافَأُ دِمَا وُهُمْ يَسْعَى بِذِمَّتِهِمْ أَدْنَاهُمْ وَيُجِيرُ عَلَيْهِمْ أَقْصَاهُمْ وَهُمْ يَدُ عَلَى مَنْ سَوَاهُمْ يَرُدُّ مُشِدِّهُمْ عَلَى مُضْعِفِهِمْ وَمُتَسَرِّعُهُمْ عَلَى قَاعِدِهِمْ لاَ يُقْتَلُ مُؤْمِنٌ بِكَافِرٍ وَلاَ ذُو عَهْدِ فِي عَهْدِهِ " . وَلَمْ يَذْكُرِ ابْنُ إِسْحَاقَ الْقَوَدَ وَالتَّكَافُو ً .

## বাংলা

২৭৪২. কুতায়বা ইবন সা'ঈদ (রহঃ) ..... 'আমর ইবন শু'আয়ব (রহঃ) তাঁর পিতা ও দাদা হতে বর্ণনা করেন। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সমস্ত মুসলিমের রক্ত সমান। একজন সাধারণ মুসলিমও যে কোন লোককে নিরাপত্তা দিতে পারে। একইরূপে দূরে অবস্থানকারী মুসলিম পানাহ দিতে পারে, যদি তার নিকটে অবস্থানকারী ও মওজুদ থাকে। প্রত্যেক মুসলিম তার প্রতিপক্ষের বিপক্ষে অন্য মুসলিমকে সাহায্য করেবে। যার সবল ও দ্রুতগাম্যী বাহন আছে, তার উচিত হবে দুর্বল ও ধীরগামী বাহণের মালিকের সাথে থাকা। একইভাবে, সেনাবহিনীর কোন বিশেষ অংশ যদি গণীমতের মাল হাসিল করে, তবে তা অন্য যোদ্ধাদের মাঝে বন্টণ করে দেবে। কোন মুসলিমকে কোন কাফিরের বিনিময়ে হত্যা করা যাবে না এবং কোন যিম্মীকে তার অঞ্চীকার রক্ষাকালে কতল করা যাবে না।

রাবী ইবন ইসহাক তাঁর বর্ণিত হাদীসে ''কোন মুসলিমকে কোন কাফিরের বিনিময়ে হত্যা করা যাবে না'' এবং ''সব মুসলিমের রক্ত সমান'' এ অংশ বর্ণনা করেননি।

## **English**

Narrated Abdullah ibn Amr ibn al-'As:



The Messenger of Allah () said: Muslims are equal in respect of blood. The lowest of them is entitled to give protection on behalf of them, and the one residing far away may give protection on behalf of them. They are like one hand over against all those who are outside the community. Those who have quick mounts should return to those who have slow mounts, and those who got out along with a detachment (should return) to those who are stationed. A believer shall not be killed for an unbeliever, nor a confederate within the term of confederation with him.

Ibn Ishaq did not mention retaliation and equality in respect of blood.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

